রাজস্বের প্রবৃদ্ধি
টেকসই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা
web: www.pch.gov.bd
E-mail: Pangaoncustoms@nbr.gov.bd

ই-মেইল/রেজিস্টার্ড এডি

নথি নং-০৫-২০(১১)লাইসেন্স/ সার্ভেয়ার তালিকাভুক্তি/কাঃহাঃপাঃ/২০২৫/১৭৮-০(১৬) তারিখঃ ২৭/০৬/২০২৬ খ্রিঃ।

বিষয়ঃ কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা এর আওতাধীন ল্যান্ড কাস্টমস স্টেশন, নারায়ণগঞ্জ ও সামিট এ্যালায়েন্স পোর্ট লিঃ, মুক্তারপুর, মুন্সিগঞ্জ এ আগত Scrap Vessel ও বাল্ক কার্গোবাহী জাহাজের সার্ভে কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে সার্ভে প্রতিষ্ঠান তালিকাভুক্তিকরণ।

সূত্র: এ দপ্তরের বিজ্ঞপ্তি নং-০৫/কাস(০২) সার্ভে প্রতিষ্ঠান/এলসি নারায়ণগঞ্জ/২০২১ (অংশ-১)/৬২৮; তারিখ: ২০/০২/২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা এর আওতাধীন ল্যান্ড কাস্টমস স্টেশন, নারায়ণগঞ্জ ও সামিট এ্যালায়েন্স পোর্ট লিঃ, মুক্তারপুর, মুন্সিগঞ্জ এ আগত Scrap Vessel ও বাল্ক কার্গোবাহী জাহাজের Load Draft Survey and Light Draft Survey সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে এ দপ্তরে গঠিত যাচাই-বাছাই কমিটির সুপারিশক্রমে ১০(দশ) টি সার্ভে প্রতিষ্ঠানকে নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে চূড়ান্ত তালিকাভুক্ত করা হলো।

| ক্রঃ নং | প্রতিষ্ঠানের নাম | ঠিকানা | স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালকের মোবাইল নম্বর |
|---|---|---|---|
| ১. | ইস্কেপ সার্ভে এন্ড ইন্সপেকশন কোঃ লিঃ | ১১, ৫ম তলা, ফিনলে বা/এ, আগ্রাবাদ, চট্টগ্রাম | ০১৭৮৯-৯০২২৮২ |
| ২. | সী পোর্টস সার্ভে এন্ড ইন্সপেকশন কোঃ লিঃ | ১১৫৬/১১৬৫, কমার্স কলেজ রোড, রাকিব ভিলা(৪র্থ তলা), বা/এ, চট্টগ্রাম-৪১০০ | ০১৯১৯-৮৭৪০৩৬ |
| ৩. | মার্স মেরিটাইম সার্ভিসেস এন্ড ইন্সপেকশন | আখতারুজ্জামান সেন্টার (৮ম তলা), টাইপ: এইচ,২১/২২, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম | ০১৮২৭-০৩৩০৪৬ |
| ৪. | এ কে ইন্সপেকশন সার্ভিসেস | শাহাদা ভবন (নীচ তলা), বাড়ি-৫, রোড-২, লেন-২, ব্লক-জি, হালিশহর এইচ/ই, চট্টগ্রাম-৪২১৬। | ০১৭০৭-০৬১৮২৯ |
| ৫. | ট্রান্সমেরিন ইন্টাঃ | ফ্ল্যাট নং-২৮০, রোড-০৭, সিডিএ আর/এ, আগ্রাবাদ, চট্টগ্রাম | ০১৭৩৫-০৬৮৮০০ |
| ৬. | ডেল্টা মেরিন ইন্টাঃ | এনএইচবি-১, নিউ কলোনী, ফ্ল্যাট: এ-৩, ৪র্থ তলা, লালমাটিয়া, আসাদগেট, ঢাকা-১২০৭। | ০১৭৮৭-৬৬২৪২০ |
| ৭. | এ্যালবাট্রস মেরিন সার্ভিসেস | ফ্ল্যাট নং-২৭৬, বালুচরা টাইগার রোড, চট্টগ্রাম-৪২২০ | ০১৭১৬-৫৩০৬৮৬ |
| ৮. | মেসার্স ডি. এম.এস. সি. | বাড়ি নং-২৭৬, বালুচরা টাইগার রোড, জালালাবাদ, চট্টগ্রাম-৪২২০ | ০১৭২৭-২৪০০৪৯ |
| ৯. | পোলার আইস এল পি জি | বাড়ী: ২২০/১, ৩য় তলা, বেগম রোকেয়া স্মরণী, পশ্চিম কাফরুল, তালতলা, ঢাকা-১২০৭। | ০১৭৭৭৯৯০৪০৪ |
| ১০. | ডেল্টা মেরিন সার্ভে লিঃ | তাহের চেম্বার (৪র্থ তলা), ১০, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম-৪১০০ | ০১৯৩১-৩২৩২৩২ |

শর্তসমূহ:

ক) সার্ভে কার্যক্রমের জন্য প্রাথমিক তালিকাভুক্তির পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বিজ্ঞপ্তির শর্তানুযায়ী নির্ধারিত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার পে-অর্ডার (ফেরতযোগ্য) দাখিল করতে হবে; নির্ধারিত সময়ে উল্লিখিত অর্থের সমপরিমাণ পে-অর্ডার দাখিল করতে ব্যর্থ হলে উক্ত প্রতিষ্ঠানের প্রাথমিক তালিকাভুক্তিকরণ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

CS CamScanner

খ) সার্ভে কার্যক্রমের জন্য তালিকাভুক্তিকরণের পর যদি পরবর্তীতে কোন সার্ভে প্রতিষ্ঠানের বিপরীতে/জাল/ভূয়া দলিলাদি দাখিল বা মিথ্যা তথ্য উপস্থাপনের অভিযোগ পাওয়া যায় বা প্রতারণার আশ্রয় নিয়েছেন মর্মে অভিযোগ পাওয়া যায় এবং তা যাচায়ান্তে সঠিক পাওয়া যায় তবে উক্ত সার্ভে প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

গ) সার্ভে কার্যক্রমের ফি আমদানিকারক/ শিপিং এজেন্ট ও সার্ভে কোম্পানীসমূহের মধ্যে আলোচনাপূর্বক প্রতিযোগিতার ভিত্তিতে নির্ধারিত হবে।

ঘ) কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক সার্ভে প্রতিষ্ঠান নির্বাচন করার পর আমদানিকারকের প্রতিনিধি সার্ভে প্রতিষ্ঠানকে বিষয়টি অবহিত করে মনোনীত সার্ভেয়ারের নাম জেনে সার্ভে কার্যক্রম সম্পাদন করবেন।

ঙ) কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সার্ভে কার্যক্রম সঠিকভাবে সম্পাদনপূর্বক প্রতিবেদন উপস্থাপনের বিষয়টি সার্ভে প্রতিষ্ঠান নিশ্চিতপূর্বক প্রতিষ্ঠানের ইস্যু রেজিস্টারে লিপিবদ্ধ করে কাস্টমস কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করবেন।

চ) কোন প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ সার্ভেয়ার ব্যতীত অন্য সার্ভেয়ার কর্তৃক সার্ভে কার্যক্রম সম্পাদন করতে কিংবা প্রতিবেদন দাখিল করতে পারবেন না। প্রতিষ্ঠান কর্তৃক কোন সার্ভেয়ারকে তালিকাভুক্ত করতে চাওয়া বা বাদ দেয়ার বিষয়টি কাস্টমস কর্তৃপক্ষকে জানাতে হবে এবং সংশ্লিষ্ট চুক্তির কপি কাস্টমস কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।

ছ) সার্ভে কার্যক্রম যাতে সঠিকভাবে সম্পাদিত হয় বিষয়টি আমদানিকারক এবং শিপিং এজেন্ট যৌথভাবে সমন্বয় করবেন, ব্যর্থতায় উভয় প্রতিষ্ঠানকে দায়ভার বহন করতে হবে।

জ) সার্ভে প্রতিবেদন অবশ্যই সার্ভে প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাডে উপস্থাপন করতে হবে। মনোনীত/চুক্তিবদ্ধ সার্ভেয়ারগণের নমুনা স্বাক্ষর সার্ভে প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/ ব্যবস্থাপনা পরিচালক কর্তৃক সত্যায়নপূর্বক তালিকাভুক্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ দপ্তরে জমাদান নিশ্চিত করতে হবে।

ঝ) তালিকাভুক্ত কোন সার্ভে প্রতিষ্ঠানের মিথ্যা তথ্য সম্বলিত সার্ভে প্রতিবেদন, দায়িত্বহীনতা, অদক্ষতা বা অন্য অভিযোগের তদন্তে সত্যতা পাওয়া গেলে ফাঁকিকৃত রাজস্ব বিবেচনায় কাস্টমস কর্তৃপক্ষ উক্ত প্রতিষ্ঠানকে জরিমানা করাসহ সংশ্লিষ্ট সার্ভে প্রতিষ্ঠানের তালিকাভুক্তি বাতিল ও যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবে। অনুরূপভাবে সার্ভে প্রতিবেদন প্রদানকারী সার্ভেয়রের বিরূদ্ধে সার্ভে সনদ বাতিলের সুপারিশসহ কাস্টমস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।

ঞ) আমদানিকৃত পণ্য চালানের সঠিক শুল্ক কর নির্ধারণ তথা পণ্যের সঠিক পরিমাণ নির্ধারণের জন্য কাস্টমস কর্তৃপক্ষ The Customs Act' 2023 এর ৮৯ ধারার ক্ষমতাবলে যে কোন তালিকাভুক্তি সার্ভেয়ার/ সার্ভে প্রতিষ্ঠানকে দিনের যে কোন সময়ে যে কোন পণ্যের পুনঃ সার্ভে করাতে পারবেন।

ট) তালিকাভুক্তির আদেশের উল্লেখিত শর্ত সংশোধন, সংযোজন, বিয়োজন ও যে কোন প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার অধিকার কাস্টমস হাউস, পানগাঁও কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ঠ) চূড়ান্তভাবে তালিকাভুক্তিকরণের এ আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে এবং আগামী ২৩/০৬/২০২৮ খ্রিঃ পর্যন্ত বলবৎ থাকবে।

২৩/০৬/২৫
হাসনাইন মাহমুদ
অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস
ও
সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ

অনুলিপি অবগতি ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, আগারগাঁও, ঢাকা।
২। রাজস্ব কর্মকর্তা, এল.সি স্টেশন, নারায়ণগঞ্জ/এসএপিএল, মুক্তারপুর, মুন্সিগঞ্জ।
৩। চীফ অপারেটিং অফিসার, মেডলগ বাংলাদেশ(প্রাঃ) লিঃ, পানগাঁও আইসিটি, কেরাণীগঞ্জ, ঢাকা।
৪। সভাপতি, বাংলাদেশ শিপিং এজেন্ট অ্যাসোসিয়েশন, মক্কা মদীনা টাওয়ার, ৭৮, আগ্রাবাদ সি/ এ, চট্টগ্রাম।
৫-১৪। স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক,.......................................................................................।
১৫। পি এ টু কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৬। অফিস কপি।

CS CamScanner